দৈনিক ইত্তেফাক

তারিখ 08 APR 2017
পৃষ্ঠা ... কলাম ...

# খুলনায় বিনিয়োগ শিক্ষা মেলা

■ খুলনা অফিস

খুলনায় দিনব্যাপী কনফারেন্স বিনিয়োগ শিক্ষা মেলা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সকাল পৌনে ১১টায় নগরীর সিএসএস আভা সেন্টারে এ কনফারেন্স ও মেলার উদ্বোধন করা হয়। সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এ কনফারেন্স ও মেলার আয়োজন করে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় বিএসইসির চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন বিনিয়োগকারীদের উদ্দেশে বলেন, আপনাদের টাকা দিতে আমরা আসিনি। আমরা এসেছি বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে বিনিয়োগের প্রাথমিক ধারণা দিতে। বিনিয়োগ করার আগে আপনাকে প্রাথমিক ধারণা নিতে হবে। এ জন্য বিনিয়োগের অ-আ শিখতে হবে। আপনার কষ্টার্জিত টাকা যাতে নিরাপদে থাকে সে জন্য এ কনফারেন্স ও শিক্ষা মেলার আয়োজন করা হয়েছে। যেখান থেকে আপনি জেনে বুঝে বিনিয়োগ করার জ্ঞান অর্জন করতে পারবেন।

এ সময় উপস্থিত ছিলেন বিএসইসির এক্সিকিউটিভ ডাইরেক্টর মাহবুবুল আলম, ডাইরেক্টর রেজাউল করিম, ডেপুটি ডাইরেক্টর ওহিদুল ইসলাম, লুতফুল কবির, আল মাসুম মৃধা, অ্যাসিস্ট্যান্ট ডাইরেক্টর বনি আমিন, আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেডের ডেপুটি চিফ এক্সিকিউটিভ অফিসার বিভাষ সাহা প্রমুখ।

দিনব্যাপী অনুষ্ঠিত এই কনফারেন্স ও বিনিয়োগ শিক্ষা মেলায় পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ২১টি স্টল অংশগ্রহণ করে। কনফারেন্স দুইটি সেশনে বিভক্ত করা হয়। প্রথম সেশনটি বিনিয়োগকারীদের এবং দ্বিতীয় সেশনটি স্থানীয় উদ্যাক্তাদের জন্য বিভক্ত ছিল।